“যে ব্যক্তি বলে: আমি আল্লাহকে রব হিসেবে, ইসলামকে দীন হিসেবে ও মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে নবী হিসেবে পেয়ে সন্তুষ্ট, তার জন্য জান্নাত অবধারিত হয়ে যাবে।”

আবূ সা‘ঈদ খুদরী রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি বলে: আমি আল্লাহকে রব হিসেবে, ইসলামকে দীন হিসেবে ও মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে নবী হিসেবে
পেয়ে সন্তুষ্ট, তার জন্য জান্নাত অবধারিত হয়ে যাবে।” [সহীহ] [আবু দাউদ এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: যে ব্যক্তি বলবে, 'আমি আল্লাহকে রব (প্রতিপালক), ইলাহ (উপাস্য), মুরাব্বি (লালনকর্তা), মালিক (মালিক), সাইয়িদ (প্রভু) ও মুসাল্লিহ (সংশোধক) হিসেবে পেয়ে সন্তুষ্ট হলাম এবং ইসলামকে (এর সমস্ত বিধান, আদেশ ও নিষেধ সহ) দীন (জীবনব্যবস্থা) হিসেবে পেয়ে সন্তুষ্ট হলাম এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে রাসূল ও নবী হিসেবে পেয়ে সন্তুষ্ট হলাম,তাহলে তার জন্য জান্নাত ওয়াজিব হয়ে যাবে।

https://sunnah.global/hadeeth/bn/show/65906